দৈনিক বাংলা

তারিখ ... 11 NOV 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4 ...

# মঙ্গলবার থেকে ভার্সিটি ও কলেজ খোলায় বাধা নেই

গত মাসে যে সরকারী আদেশ বলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ করে দেওয়া হয়, তার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ব-বিদ্যালয় ও নগরীর কলেজসমূহ মঙ্গলবার খোলার ব্যাপারে কোন বাধা নেই। শনিবার কর্তৃপক্ষ একথা বলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের এক ঊর্ধ্বতন সূত্র ইউএনবিকে জানান, শিক্ষা অধ্যাদেশ মোতাবেক বন্ধ ঘোষণার আদেশে ১২ই নবেম্বর সোমবার পর্যন্ত এক মাসের জন্য কার্যকর। সূত্র বলেন, সরকারের এই আদেশের মেয়াদ বাড়ানোর কোন ইচ্ছা নেই, তাই এই আদেশ মোতাবেক বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ১২ই নবেম্বরের পর আবার খোলার ব্যাপারে কোন বাধা নেই।

তবে তিনি বলেন যে, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কর্তৃপক্ষ আবার ক্লাশ শুরুর সঠিক তারিখ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় পুনরায় খোলার ব্যাপারে জিজ্ঞাসা করা হলে ভাইস-চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিয়া বলেন, 'সিন্ডিকেট এ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবে।'

ভাইস-চ্যান্সেলর বলেন, পরিস্থিতি পর্যালোচনা ও বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মঙ্গলবার থেকে ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

পুনরায় খোলার বিষয়ে আলোচনার জন্য তিনি ছাত্র শিক্ষক ও হল প্রশাসনের সঙ্গে বৈঠকে বসবেন।

তিনি জানান, আজ রোববার ছাত্র নেতৃবৃন্দের সঙ্গে তাঁর বৈঠক হওয়ার কথা আছে।

গত মাসে বন্ধ ঘোষিত নগরীর স্কুলসমূহে গত বৃহস্পতিবার থেকে পুনরায় ক্লাস শুরু হয়েছে।

গত ১০ই অক্টোবর সরকারের বিরুদ্ধে বিরোধীদলের নতুন করে আন্দোলন শুরুর মুখে সরকারী আদেশে ৫টি বিশ্ববিদ্যালয় ও নগরীর স্কুল-কলেজসমূহ বন্ধ করে দেওয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও নগরীর স্কুল কলেজসমূহ ১৩ই অক্টোবর বন্ধ করে দেওয়া হয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও ময়মনসিংহের কৃষি বিশ্ব বিদ্যালয় পরবর্তী কয়েক দিনে বন্ধ ঘোষণা করা হয়।

...FORMATION AND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS
DATE